

# শিবচর পৌরসভা কার্যালয়

শিবচর, মাদারীপুর।

## “প্রজ্ঞাপন”

স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ৫৫ ধারা অনুসরণ পূর্বক এবং ২২/০২/২০১৬খ্রিঃ তারিখের পৌর পরিষদের সিদ্ধান্ত মোতাবেক শিবচর পৌরসভায় নিম্ন বর্ণিত স্থায়ী কমিটি গঠন করা হলো।

### (৮) যোগাযোগ ও ভৌত অবকাঠামো কমিটি :

ক্রমিক নং	নাম	পদবী	কমিটিতে পদবী
০১	জনাব মোঃ শাহজাহান মোল্লা	কাউন্সিলর, ০২ নং ওয়ার্ড	সভাপতি
০২	জনাব মোঃ আওলাদ হোসেন খান	মেয়র, শিবচর পৌরসভা	সদস্য
০৩	জনাব মোঃ আকতার হোসেন খান	কাউন্সিলর, ০১ নং ওয়ার্ড	সদস্য
০৪	জনাব মলি রায়	কাউন্সিলর, সংরক্ষিত আসন-০১	সদস্য
০৫	জনাব জাহানারা বেগম	কাউন্সিলর, সংরক্ষিত আসন-০৩	সদস্য

## ২। কমিটির কার্য পরিধিঃ

- ২.১। যানবাহন ও সর্বসাধারণের চলাচলের জন্য পৌর এলাকার সড়ক যোগাযোগ সম্পর্কিত পরিকল্পনা প্রণয়নে সংশ্লিষ্ট বিভাগকে সহায়তা করা;
- ২.২। পৌর এলাকার সকল সড়ক ও রাস্তাঘাট উন্নয়ন ও সংস্কারের পরিকল্পনা প্রণয়নে সংশ্লিষ্ট বিভাগকে সহায়তা করা;
- ২.৩। জনসাধারণের সুবিধার জন্য বাস টার্মিনাল ও যাত্রী ছাউনি নির্মাণের ব্যবস্থা করা;
- ২.৪। পৌরসভার সকল অবকাঠামো ইনভেন্টরী করা, ডাটাবেজ ও ম্যাপ তৈরী করা;
- ২.৫। বিভিন্ন প্রকার ভৌত অবকাঠামোর বাস্তব অবস্থা পর্যবেক্ষণ ও পর্যালোচনার জন্য সরেজমিনে পরিদর্শন, মনিটরিং ও তদারক করা;
- ২.৬। পৌরসভার সংশ্লিষ্ট সকলকে মাস্টার প্ল্যান সম্পর্কে অবহিতকরণের উদ্যোগ নেয়া;
- ২.৭। পৌরসভার এলাকার সড়কসমূহে বাতির ব্যবস্থা করা ও ট্রাফিক নিয়ন্ত্রণের যাবতীয় কার্যক্রম গ্রহণ;
- ২.৮। জেলা সদরের পৌরসভার ক্ষেত্রে সড়ক ও জনপথ অধিদপ্তরের সংশ্লিষ্ট নিবাহী প্রকৌশলী অথবা উপ-বিভাগীয় এবং অন্যান্য পৌরসভার ক্ষেত্রে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের সংশ্লিষ্ট উপজেলা প্রকৌশলীকে বিশেষজ্ঞ সদস্য হিসাবে কো-অপট করিতে পারিবে (যে ক্ষেত্রে যাহা প্রযোজ্য);
- ২.৯। অন্যান্য সংশ্লিষ্ট বিষয়াদি সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণ করা।

(মোঃ আওলাদ হোসেন খান)

মেয়র

শিবচর পৌরসভা

শিবচর, মাদারীপুর।

স্মারক নং-শিব-পৌর/২০১৬/

তারিখঃ

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। জেলা প্রশাসক, মাদারীপুর।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য

৩-১২। জনাব..... কাউন্সিলর, (সকল) শিবচর পৌরসভা।

১৩। জনাব ..... (শাখা প্রধান), শিবচর পৌরসভা।

(মোঃ আওলাদ হোসেন খান)

মেয়র

শিবচর পৌরসভা

শিবচর, মাদারীপুর।